দৈনিক সংবাদ
তারিখ 28 AUG 1992
পৃষ্ঠা ১ কলাম ৬

21

## কৃতী ছাত্র-ছাত্রীদের সংবর্ধনায় প্রধানমন্ত্রী

# পরিবর্তনশীল বিশ্বের সঙ্গে তাল মেলাতে মেধার বিকাশ চাই

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গতকাল বৃহস্পতিবার পরিবর্তনশীল বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে চলতে প্রযুক্তি অর্জন ও উদ্ভাবনের জন্য মেধার লালন ও বিকাশের প্রয়োজনের ওপর জোর দিয়েছেন। প্রধানমন্ত্রী চারটি শিক্ষা বোর্ডের ১৯৯২ সালের এসএসসি পরীক্ষায় মেধা তালিকায় স্থান লাভকারী মেধাবী ছাত্র-ছাত্রীদের জাতীয় সংবর্ধনায় ভাষণ দিচ্ছিলেন। খবর বাসস'র।

বেগম জিয়া দেশের দারিদ্র্যপীড়িত জনগণ যারা জাতি গঠনে ক্ষেতে ও কলেকারখানায় নীরবে কাজ করে যাচ্ছে তাদের কল্যাণে মেধা কাজে লাগাতে নিজেদেরকে প্রস্তুত করার জন্য মেধাবী ছাত্র-ছাত্রীদের প্রতি আহ্বান জানান।

প্রধানমন্ত্রী বলেন, শিক্ষা আত্মনির্ভরশীলতা অর্জনের চাবিকাঠি। শিক্ষিত জাতি মানে একটি উন্নত জাতি। তিনি বলেন, এ কারণে বর্তমান সরকার শিক্ষা বিস্তারে সর্বোচ্চ জোর দিয়েছেন।

বেগম খালেদা জিয়া গণশিক্ষা, প্রাথমিক শিক্ষা এবং নারী শিক্ষাসহ শিক্ষাখাতে নেয়া কর্মসূচীর উল্লেখ করে বলেন, এ উদ্দেশ্যে অবকাঠামো গড়ে তোলা হচ্ছে। প্রধানমন্ত্রী সন্ত্রাস প্রতিরোধে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান। তা না হলে শিক্ষা খাতের লক্ষ্য ব্যর্থতায় পর্যবসিত হবে।

বেগম খালেদা জিয়া বলেন, তাদের সাফল্য জাতির গৌরব। তিনি আশা প্রকাশ করেন যে, বর্তমান ফলাফলে আত্মতুষ্ট না হয়ে ভবিষ্যতে তারা আরো সাফল্য অর্জন করবে।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী জমিরউদ্দিন সর-

প্রধানমন্ত্রী ঃ পৃঃ ৮ কঃ ৬

## প্রধানমন্ত্রী ঃ কৃতী ছাত্র-ছাত্রীদের সংবর্ধনায় ভাষণ

(১ম পাতার পর)

কার, শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যাপক মোহাম্মদ ইউনুস খান এবং শিক্ষাসচিব সফিউল আলম বক্তৃতা করেন। মন্ত্রীবর্গ, সংসদ সদস্যবৃন্দ, অভিভাবকবৃন্দ এবং পদস্থ কর্মকর্তারাও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। পরে প্রধানমন্ত্রী চারটি শিক্ষা বোর্ডের বিজ্ঞান ও সমাজবিজ্ঞান বিভাগে প্রথম থেকে ২০ তম স্থান অধিকারী ছাত্রদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।